

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 04.11.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর –

১/ কলকাতার পাঁচ মেডিকেল কলেজের পর এবার গোটা রাজ্যে ‘সেন্ট্রাল রেফারেল সিস্টেম’ চালু করার উদ্যোগ নেওয়া হচ্ছে।

৩) আর জি কর-এ – ডাক্তারি পড়ুয়ার ধর্ষণ ও খুনের মামলায় চার্জ গঠনের জন্য আজ শিয়ালদা আদালতে সিবিআই আবেদন জানাতে পারে। এক গুচ্ছ কর্মসূচী ঘোষণা অভয়া মঞ্চ ও নাগরিক সমাজের।

৩/ প্রকৃত ভূমিহীনদের জমির ব্যবস্থা করে ‘আবাস যোজনা’ প্রকল্পে পাকা বাড়ি তৈরি করে দেওয়া হবে বলে রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছে।

৪) প্রবাদ প্রতীম চলচ্চিত্রকার ঋত্বিক ঘটকের আজ জন্মশত বার্ষিকী।

৫) পশ্চিমী ঝঞ্ঝার প্রভাবে আগামী দু-দিন রাজ্যের কয়েকটি জেলায় বৃষ্টির সম্ভবনা।

oooooooooooooooooooooooooooo

কলকাতার পাঁচ মেডিকেল কলেজের পর এবার গোটা রাজ্যে কেন্দ্রীয়ভাবে রোগী রেফার করার ব্যবস্থা বা সেন্ট্রাল রেফারেল সিস্টেম চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে। এর জন্য প্রয়োজনীয় পরিকাঠামো তৈরিতে রাজ্য সরকার সব জেলাশাসক ও জেলার স্বাস্থ্য আধিকারিকদের কাছ থেকে সুস্পষ্ট প্রস্তাব চেয়েছে। দক্ষিণ ২৪ পরগনায় এই নতুন ব্যবস্থার পাইলট প্রকল্পের সাফল্যের উপর ভিত্তি করে সারা রাজ্যে এই ব্যবস্থা চালু করা হবে। এর আগে জেলার হাসপাতালগুলির পরিকাঠামো ঢেলে সাজানোর উদ্যোগ নেওয়া হয়েছে। জাতীয় অর্থ মিশনের টাকা ব্যবহার করে এর পরিকাঠামো উন্নয়নের কাজ হবে। জেলা, মহকুমা হাসপাতাল ও প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলির পরিকাঠামোর উন্নতি করা হচ্ছে। এই সব হাসপাতালে সর্বক্ষণ চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী যাতে থাকেন সেজন্য আবাসন তৈরির ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে। যাতে দূরবর্তী জেলার কোনও রোগীকে চিকিৎসার জন্য খুব কঠিন পরিস্থিতি ছাড়া সরাসরি কলকাতার কোনও হাসপাতালে রেফার না করা হয়। বরং তাঁদের মহকুমা হাসপাতাল, জেলা হাসপাতাল, সুপার স্পেশালিটি হাসপাতাল বা জেলায় থাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসা করাতে হবে।

এজন্য জেলার সব হাসপাতালে শয্যা সংখ্যা বাড়ানোর পাশাপাশি অপারেশন থিয়েটার, হাসপাতালে লিফট, চিকিৎসকদের বিশ্রাম কক্ষ, শৌচালয়, বিশুদ্ধ পানীয় জল, পর্যাপ্ত আলোর সুনির্দিষ্ট প্রস্তাব পেশ করতে বলা হয়েছে। এই সব হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসক ও মেডিক্যাল অফিসারদের বসার উপযুক্ত রুমের প্রস্তাবও পাঠাতে বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর-এ ডাক্তারি পড়ুয়ার ধর্ষণ ও খুনের মামলায় আজ চার্জ গঠনের জন্য সিবিআই শিয়ালদা আদালতে আবেদন জানাতে পারে বলে সূত্রের খবর। ইতমধ্যেই ধর্ষণ ও খুনের মামলায় মূল অভিযুক্ত হিসেবে ধৃত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়ের বিরুদ্ধে চার্জশিট জমা দিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। আজ শিয়ালদা আদালতে শুনানি হওয়ার কথা।

উল্লেখ্য আগামীকাল ৫-ই নভেম্বর সুপ্রিম কোর্টে মামলার পরবর্তী শুনানি। তার আগে আজ সন্ধ্যাতেও বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছে অভয়া মঞ্চ ও নাগরিক সমাজ।

আগামী ৯-ই নভেম্বর আর জি কর-এর নির্যাতিতার খুন ও ধর্ষণের তিন মাস অতিক্রান্ত হতে চলেছে। ওই দিন ফ্রন্টের পক্ষ থেকে নানা কর্মসূচী গ্রহণ করা হয়েছে। বিভিন্ন মেডিকেল কলেজে অভয়ার স্মৃতিতে ওই দিন দ্রোহের গ্যালারি প্রদর্শিত হবে। সেখানে এই আন্দোলনের বিভিন্ন মুহূর্তের ছবি, ও ভিডিও তুলে ধরা হবে। ৯-ই নভেম্বর আর জি কর হাসপাতালে রক্তদান শিবিরের আয়োজন করা হচ্ছে। কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত নাগরিক মিছিলের ডাক দেওয়া হয়েছে এবং রানী রাসমণি রোডে সমাবেশের ডাক দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল আরজি কর হাসপাতালে নির্যাতিতা তরুণী চিকিৎসকের বাড়িতে যান। সঙ্গে ছিলেন বিজেপি নেতা তাপস রায়, কৌস্তভ বাগচী। নির্যাতিতার বাবা মায়ের সঙ্গে বেশ কিছুক্ষন কথা বলেন তাঁরা। উপস্থিত সাংবাদিকদের কাছে শুভেন্দুবাবু বলেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে রাজ্যের স্বাস্থ্য ও স্বরাষ্ট্রদপ্তরের যোগসাজশে নির্যাতিতার ধর্ষণ ও খুনের ঘটনার তারা বিচার চান।

বাইট

নির্যাতিতার বাবা মা তার সাথে কথা বলতে চেয়েছিলেন বলেও শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার গাইঘাটা থানার শিমুলপুর এলাকায় নাবালিকা ধর্ষণের অভিযোগে ধৃত সুজিত পাল ওরফে বাবুসেনাকে গতকাল বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে চার দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন বিচারক। সুজিত, শিমুলপুর গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন উপপ্রধান, তৃণমূল কংগ্রেস নেত্রী পপি দেবের ভাইপো বলে খবর। আগেই জানানো হয়েছে, গত শুক্রবার সন্ধ্যায় টিউশন থেকে বাড়ি ফেরার পথে নাবালিকাকে তুলে নিয়ে গিয়ে প্রতিবেশী যুবক সুজিত ধর্ষণ করে বলে অভিযোগ। এরপর গতকাল দুপুরে ওই স্কুল ছাত্রী আত্মহত্যার চেষ্টা করলে ঘটনা প্রকাশ্যে আসে।

এদিকে, ধর্ষণে দোষী সাব্যস্তকে ফাঁসীর দাবীতে গত সন্ধ্যায় গাইঘাটার ঠাকুরনগর বাজার এলাকায় বিজেপি প্রতিবাদ মিছিল বের করে। রাজ্য সরকারের অকর্মণ্যতায় বারবার এমন ধর্ষণের ঘটনা ঘটছে বলে তাদের অভিযোগ।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে একের পর এক নারী নির্যাতনের ঘটনা অত্যন্ত দুর্ভাগ্যজনক বলে রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম মন্তব্য করেছেন। গতকাল ভাই ফোঁটার একটি অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, নারী নির্যাতনকারীদের কঠোর শাস্তি হওয়া উচিত।

(বাইট - ফিরহাদ)

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার, প্রকৃত ভূমিহীনদের জমির ব্যবস্থা করে আবাস যোজনা প্রকল্পে পাকা বাড়ি তৈরি করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। আবাস যোজনা প্রকল্পে জমা পড়া আবেদনপত্রগুলি যাচাই করতে গিয়ে বেশ কিছু আবেদনকারীর নিজস্ব কোনো জমি না থাকার বিষয়টি উঠে আসে। সেক্ষেত্রে ভূমিহীনদের জমির পাট্টা প্রদান করে বাড়ি তৈরির জন্য মোট ১ লক্ষ কুড়ি হাজার টাকা তুলে দেওয়া হবে। নিজস্ব জমি নেই এমন ভূমিহীনদের চিহ্নিত করে অতিরিক্ত জেলাশাসক ও ডিএলএলআরও র কাছে তার তালিকা জমা দিতে বলা হয়েছে। একজন ভূমিহীনকে দেড় থেকে সর্বাধিক দুই কাঠা পর্যন্ত জমি দেওয়ার বিষয় ভাবনা চিন্তা করা হচ্ছে। আবেদনপত্র যাচাই পর্ব সঠিকভাবে হচ্ছে কিনা তা সরেজমিনে খতিয়ে দেখতে পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার আজ থেকে বিভিন্ন জেলা পরিদর্শন করবেন বলে সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিভিন্ন ক্ষেত্রে অনিয়মের অভিযোগ ওঠায় রাজ্য সরকার পর্যটন কেন্দ্রগুলির নথিভুক্ত ‘হোম স্টে’-র পরিস্থিতি খতিয়ে দেখবে। হোম স্টে তৈরীর জন্য উৎসাহ

দিতে এবং তার পরিঠামো উন্নয়নে রাজ্য সরকার যে টাকা দেয়, সেটা অন্য খাতে ব্যবহার করা, হোম স্টে গুলিকে লিজে দেওয়া কিংবা সেখানে বেআইনভাবে হোটেল ব্যবসা চালানোর মতো অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। এর প্রেক্ষিতে পর্যটন সচিব নন্দিনী চক্রবর্তী হোম স্টে-গুলি নিয়ে সমীক্ষার নির্দেশ দিয়েছেন।

উল্লেখ্য, রাজ্য সরকার ২০১৭ সালে ‘হোম স্টে’ নীতি তৈরী করে। পরে তাতে কিছু সংশোধন করে আইন তৈরী করা হয়।

000000000000000000000000

বীরভূমের কঙ্কালিতলা পঞ্চায়েতের তৃণমূল কংগ্রেস সদস্য শমীক থান্ডারকে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে দুষ্কৃতিদের বিরুদ্ধে।

পারুলডাঙ্গা গ্রামের বাসিন্দা শমীক শনিবার রাতে পঞ্চায়েত মিটিং সেরে বাড়ি ফেরার পথে উত্তরনারায়নপুর এলাকায় দুষ্কৃতীরা তাঁর ওপর হামলা চালায়।

স্থানীয় মানুষজন তাঁকে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে গেলে সেখানেই তাঁর মৃত্যু হয় বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন। এই ঘটনায় পুলিশ পাঁচজনকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে।

000000000000000000000000

মালদার গাজোলে জাতীয় সড়কের ধারে মুন্ডহীন দেহ উদ্ধারের ঘটনায় ৩ জনকে থ্রেফতার করেছে পুলিশ। ধৃত সৌম্যজিৎ সরকার, আশিষ চৌধুরী এবং ফারুখকে গতকাল মালদা জেলা আদালতে তোলা হয়।

এদিকে, নিহত ব্যক্তিরও পরিচয় নিশ্চিত করেছে পুলিশ। কৃষ্ণপদ রায় নামে ওই ব্যক্তি দক্ষিণ দিনাজপুর জেলার বেলবাড়ির অধিকারী পাড়া এলাকার বাসিন্দা। দুর্ঘটনার জেরেই দেহ থেকে মুণ্ড বিচ্ছিন্ন হয়ে যায় বলে জেলার অতিরিক্ত পুলিশ সুপার সম্ভব জৈন জানিয়েছেন।

000000000000000000000000

ভাইফোঁটার দিন মিলেনিয়াম পার্কে বেড়াতে গিয়ে, ফেরার সময় এক প্রৌঢ় গঙ্গায় তলিয়ে গেছেন। জানা গেছে, গত সন্ধ্যায় হাওড়া ফেরিঘাটে লঞ্চ থেকে জেটিতে নামার সময় শেফালি কর নামে ওই মহিলা মাঝের ফাঁকে গলে গঙ্গায় পড়ে যান। তাঁর সন্ধ্যানে গোলাবাড়ি থানার পুলিশ, বিপর্যয় মোকাবিলা বাহিনী ও রিভার ট্রাফিক পুলিশ তল্লাশি চালাচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রবাদপ্রতিম চলচ্চিত্রকার ঋত্বিক কুমার ঘটকের আজ জন্মশত বার্ষিকী। তাঁর কাজ ও জীবন সমানভাবে পরিব্যাপ্ত ছিল দুই বাংলায়। ১৯৬০-এ মেঘে ঢাকা তারা, ৬১তে কোমল গান্ধার এবং ১৯৬৫ তে নির্মিত সুবর্ণরেখা এই ত্রয়ী তাকে চলচ্চিত্র মহলে এক বিশেষ মর্যাদায় প্রতিষ্ঠিত করে। এর মধ্যে ১৯৫৮য় তৈরি ছোটদের ছবি 'বাড়ি থেকে পালিয়ে' খুবই জনপ্রিয় হয়েছিল।

তিনি একাধারে ছিলেন নাট্যকার, কবি ও গল্প লেখক। সম্পাদনা করেছেন সাহিত্য পত্রিকা। স্পষ্ট রাজনৈতিক বক্তব্য ছিল তাঁর ছবির একটি অনন্য সাধারণ বৈশিষ্ট্য। তাঁর জন্ম শতবর্ষের সূচনায় আকাশবাণী সংবাদের একটি শ্রদ্ধার্ঘ্য।

(ভয়েসকাস্ট – অভিজিত)

০০০০০০০০০০০০০০০০০০০০

ছটপুজো উপলক্ষ্যে আসানসোল ও পাটনার মধ্যে বিশেষ ট্রেন চালাচ্ছে পূর্ব রেল। রেলের দেওয়া তথ্য অনুসারে, আসানসোল - পাটনা স্পেশাল আজ আসানসোল থেকে সকাল ১০ টা ৪০ মিনিটে ছাড়বে। অন্যদিকে, পাটনা - আসানসোল স্পেশাল পাটনা থেকে ছাড়বে রাত তিনটে ১৫ মিনিটে। পথে এই ট্রেন চিত্তরঞ্জন, জামতারা, মধুপুর, জসিডি, ঝাঝা, কিউল, মোকামা, বখতিয়ারপুর, পাটনা সাহিব, এবং রাজেন্দ্রনগর স্টেশনে থামবে।

অন্যদিকে, দক্ষিণ-পূর্ব রেলও এক গুচ্ছ উৎসব স্পেশাল ট্রেন চালাচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমী ঝঞ্ঝার প্রভাবে আগামী দুদিন রাজ্যের কয়েকটি জেলায় হাঙ্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। আলিপুরের আবহাওয়া বিজ্ঞানী মনি শংকর জানা বললেন-

oooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooo